

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পুনঃতফসিল অনুসারে ৪৭, নওগাঁ-২ সংসদীয় আসনে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ সকাল ৮.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০১-০২-২০২৪ খ্রি. তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৫৮ নম্বর প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ক্ষমতা প্রদান করায় উক্ত নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নওগাঁ জেলার ৪৭ নওগাঁ-২ নির্বাচনি এলাকায় (পল্লীতলা ও ধামইরহাট উপজেলা) (১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস ও (৪) ট্রাক চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো এবং ১০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

- (ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরণের যানবাহন;
- (গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন সাপেক্ষে) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;
- (ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/ পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;
- (ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং
- (ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় চলাচলে।

৩। জনস্বার্থে জারিকৃত এ নিষেধাজ্ঞা মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
৪/২/২০২৪  
(মোঃ গোলাম মওলা)  
জেলা প্রশাসক, নওগাঁ  
ও  
রিটার্নিং অফিসার  
৪৭ নওগাঁ-২


নং ০৫.৪৩.৬৪০০.১১২.০৯.০১৫.২৪-১ ও ৪

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
৫/ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল।

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।  
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।  
৫। পুলিশ সুপার, নওগাঁ।  
৬। অধিনায়ক, ১৪-বিজিবি, পল্লীতলা, নওগাঁ।  
৭। অধিনায়ক, র্যাব- ৫, রাজশাহী।  
৮। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।  
৯। জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ।  
১০। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ। (গণবিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)  
১১। উপপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, নওগাঁ।  
১২। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটানিং অফিসার, পল্লীতলা/খামইরহাট, নওগাঁ। (গণবিজ্ঞপ্তি নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)  
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, নওগাঁ।

  
৬/২/২০২৪  
জেলা প্রশাসক, নওগাঁ  
ও  
রিটানিং অফিসার  
৪৭ নওগাঁ-২